পরিবার

## প্রিয় পরিবারবর্গ,

আমাদের লক্ষ্যের কেন্দ্রে রয়েছে, পরিবারের সাথে সম্পৃক্ততা এবং অংশীদারিত্ব যা পরিবার ও স্কুলের মাঝে অপরিহার্য, দ্বি-মুখী বিনিময় - সেই বিশ্বাস। শুধুমাত্র একত্রে আমরা প্রতিটি শিক্ষার্থীর সফলতা নিশ্চিত করতে পারবো। আমি আনন্দের সাথে আমাদের রিডিং (পড়ে বোঝা) বিষয়ক শিক্ষা-নির্দেশনার পদ্ধতিতে একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন শেয়ার করছি।

এই বছর আমরা একটি উচ্চাভিলাষী পরিকল্পনা হাতে নিয়েছি: আমাদের প্রতিটি গ্রেডের প্রতিটি শিক্ষার্থী একজন চমৎকার পাঠক তা নিশ্চিত করা। এটা করার জন্য, আমরা NYC রিডস্ চালু করেছি, যা আমাদের শিক্ষার্থীদের পড়তে শেখানোর জন্য 50 বছরের প্রমাণ-ভিত্তিক চর্চাসমূহ ব্যবহার করে এবং এটা পড়া সংক্রান্ত বিজ্ঞান (সায়েন্স অভ রিডিং) নামে পরিচিত। পড়া সংক্রান্ত বিজ্ঞান (সায়েন্স অভ রিডিং) কেন? এই পদ্ধতিটি ছেলেমেয়েরা কীভাবে শব্দ পড়তে শেখে, তাদের শব্দভাণ্ডার (ভোকাবুলারি) গড়ে তোলে, এবং গল্পে কী হচ্ছে তা বোঝে সেবিষয়ে একটি সুস্পষ্ট চিত্র প্রদান করে।

NYC রিডস্-এর অংশ হিসেবে, আমরা আপনাকে জানাতে চাই যে আপনার সন্তানের স্কুল পড়া সংক্রান্ত বিজ্ঞান (সায়েন্স অভ রিডিং) ভিত্তিক একটি রিডিং পাঠ্যক্রম ব্যবহার করছে। রিডিং (পড়ে বোঝা) বিষয়ক শিক্ষা-নির্দেশনা পাঁচটি ভিত্তিকগত পড়ার দক্ষতার উপর মনোনিবেশ করবে:

1. ধ্বনিগত সচেতনতা (শব্দাবলী উচ্চারণ করা)
2. ধ্বনিতত্ত্ব (অক্ষরসমূহ যে শব্দ করে)
3. শব্দভাণ্ডার (শব্দাবলী জানা)
4. সাবলীলতা (অনর্গল পড়া)
5. পড়া অনুধাবন (পড়া গল্পগুলো বোঝা)

প্রতিটি শিক্ষার্থীর উজ্জ্বল ভবিষ্যতের জন্য শুরুটি দৃঢ়ভাবে হয়েছে তা নিশ্চিত করতে এবং কার্যকরভাবে রিডিং (পড়া) শেখাতে আমাদের পরিবার ও শিক্ষাবিদদের উপকরণ ও সংস্থান দিয়ে প্রস্তুত করতে NYC রিডস্ প্রতিশ্রুতিবদ্ধ। NYC রিডস্ সম্পর্কে আরো জানতে আমাদের ওয়েবসাইট, **schools.nyc.gov/NYCReads** দেখুন।

### একটি প্রতিশ্রুতি এবং একটি আমন্ত্রণ

আমরা যখন এই উদ্দীপনাময় উত্তরণের পথে যাত্রা করছি, আমি আপনাকে জানাতে চাই যে আমাদের মনোনিবেশ অটুট রয়েছে: প্রতিটি শিক্ষার্থী যে শুধু পড়তেই শিখবে তা নয়, তারা পড়ার প্রতি গভির ভালোবাসাও গড়ে তুলবে তা নিশ্চিত করা। এই বছর জুড়ে আপনি যখন ফ্যামিলি কনফারেন্সে যোগ দেবেন, আমি আপনাকে আপনার সন্তানের শিক্ষকে এধরণের প্রশ্ন জিজ্ঞাসা করতে আমন্ত্রণ জানাচ্ছি:

- আমার সন্তান সুনির্দিষ্ট কোন্ রিডিং (পড়ার) দক্ষতা অর্জনে কাজ করছে?
- আমার সন্তানের রিডিং (পড়ার) দক্ষতায় সুনির্দিষ্ট সক্ষমতা কিংবা দুর্বলতা আছে কি?
- বাড়িতে আমি আমার সন্তানের রিডিংয়ের (পড়ার) উন্নতিতে কীভাবে সহায়তা করতে পারি?

আমি আপনাকে এই পথযাত্রায় আমাদের সাথে যোগ দিতে আমন্ত্রণ জানাচ্ছি। পরিবার, শিক্ষাবিদ এবং কমিউনিটি—আমাদের ছেলেমেয়েদের সহায়তা করতে—আসুন একসাথে কাজ করি। পড়া সংক্রান্ত বিজ্ঞান (সায়েন্স অভ রিডিং) সম্পর্কে আরো তথ্য ও বাড়িতে আপনি সহায়তা করার বিভিন্ন উপায়সমূহ জানার, এবং আলোচনা ও মতামত প্রদানের বিভিন্ন সুযোগ আসবে।

অংশীদারিত্বে,

**কেনিটা লয়েড (Kenita Lloyd)**
ডেপুটি চ্যান্সেলর
ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট অ্যান্ড এক্সটারনাল অ্যাফেয়ার্স
NYC পাবলিক স্কুলস্

FACE
Office of Family and Community Engagement

NYC Public Schools
Eric Adams
Mayor
David C. Banks
Chancellor

# স্পিকিং/ লিসেনিং (কথা বলার/ শোনার) কর্মকাণ্ডসমূহ

### গল্প সন্ধ্যা (স্টোরিটেলিং নাইট)

গল্প সন্ধ্যার আয়োজন করুন যেখানে পরিবারের সদস্যরা পালা বদল করে তাদের প্রিয় গল্প বলবে, এমনকি তাদের নিজস্ব গল্প তৈরি করবে।

### গীতিকবিতা (সং লিরিকস্)

গান শুনুন এবং সেটার গীতিকবিতা নিয়ে আলোচনা করুন। আপনি এমনকি গীতিকবিতা প্রিন্ট করতে পারেন এবং গানটি যখন বাজছে তখন একসাথে পড়তে পারেন।

### স্পষ্ট উচ্চারণের (আর্টিকুলেশন) অনুশীলনসমূহ

কথা বলার সময় স্পষ্টতা এবং উচ্চারণ উন্নত করতে পরিবার হিসেবে জিহ্বায় জড়িয়ে যায় এমন শব্দাবলী চর্চা, স্পষ্ট উচ্চারণের অনুশীলন, এবং স্বর-চর্চা করুন।

### বিতর্ক সন্ধ্যা (ডিবেট নাইটস্)

পরিবারের সদস্যদেরকে তাদের দৃষ্টিভঙ্গি প্রকাশের এবং সক্রিয়ভাবে পাল্টা মতামত শোনার সুযোগ রেখে আকর্ষণীয় বিষয়সমূহে উপর বন্ধুত্বপূর্ণ বিতর্কের আয়োজন করুন।

### মঞ্চ নাটক ও তাৎক্ষণিক বিষয়ে অভিনয় (থিয়েটার ও ইম্প্রভ)

নাট্যানুষ্ঠানে যোগ দিন অথবা পরিবার-বান্ধব ইম্প্রভ (উপস্থিত অভিনয়) ক্লাসে অংশ নিন, যা উভয় কথা বলা ও শোনার সৃজনশীলতাকে উৎসাহিত করে।

### টেড টক (TED TALK) আলোচনা অনুষ্ঠান

পরিবারের সবাই একসাথে টেড টক দেখুন এবং এরপর উপস্থাপিত ধারণাসমূহের উপর দৃষ্টিভঙ্গি ও প্রতিফলন শেয়ার করার মাধ্যমে আলোচনার আয়োজন করুন।

### ভাষার খেলা (ল্যাঙ্গুয়েজ গেম)

ওয়ার্ড অ্যাসোসিয়েশন্স, ইঙ্গিতবাহী (প্রম্পট) কার্ড ব্যবহার করে গল্প বলা, কিংবা ভাষা শিক্ষাকে উপভোগ্য করতে শব্দ-ভাণ্ডার সমৃদ্ধকারী খেলা (যেমন ট্যাবু (Taboo), টেলিফোন, হেডস্ আপ (Heads Up)) ইত্যাদির মতো ভাষা সংশ্লিষ্টকরণ গেম খেলুন।

### সাক্ষাৎকার অনুশীলন (ইন্টারভিউ প্র্যাকটিস)

জুটি-বদ্ধ হোন এবং নির্দিষ্ট বিষয়সমূহের উপর পালাবদল করে একে অপরের সাক্ষাৎকার গ্রহণ করুন, পরিবারের সদস্যদের প্রশ্ন জিজ্ঞাসা ও সুচিন্তিত জবাবদানে সহায়তা করুন।

### কবিতা আবৃত্তি (পোয়েট্রি রিসাইটাল)

কবিতা আবৃত্তির অধিবেশন আয়োজন করুন যেখানে পরিবারের সকল সদস্য আবৃত্তির জন্য একটি করে কবিতা বাছাই করবে, এটি ভাব-প্রকাশ করে কথা বলা এবং মনোযোগ দিয়ে শোনা বৃদ্ধি করে।

### আলোচনা-চক্র (ডিসকাশন সার্কেল)

চলমান কোনো ঘটনা বা চিন্তা-উদ্রেককারী বিষয় নির্বাচন করুন এবং সকল সদস্যকে মতামত প্রকাশের ও সক্রিয়ভাবে অন্যদের কথা শোনার সুযোগ দিয়ে পারিবারের সবাইকে নিয়ে আলোচনার আয়োজন করুন।

### বক্তৃতা প্রতিযোগিতা (পাবলিক স্পিকিং চ্যালেঞ্জ)

কথা বলায় আত্ম-বিশ্বাস বাড়ানোর জন্য প্রিয় কোনো বিষয়ে সংক্ষিপ্ত বক্তৃতা দেওয়া বা উপস্থাপনা অনুশীলন করার মতো উপভোগ্য বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করুন।